# Times Today BD

সিনিয়র রিপোর্টার | ঢাকা | 22 April, 2025

ঢাকা কলেজ ও ঢাকা সিটি কলেজের সংঘর্ষে আহত পাঁচজনকে ঢাকা মেডিকেল কলেজ (ঢমেক) হাসপাতালে ভর্তি করা হয়েছে। বর্তমানে তারা হাসপাতালের জরুরি বিভাগে চিকিৎসাধীন।

মঙ্গলবার (২২ এপ্রিল) দুপুরের দিকে তাদের পাঁচজনকে উদ্ধার করে ঢামেকের জরুরি বিভাগে নিয়ে আসা হয়।আহতরা হলেন- ঢাকা কলেজের শিক্ষার্থী মো. নাজমুস সাকিব(১৮) ও মো. রাজিন (১৮), সিটি কলেজের শিক্ষার্থী মো. শামীম (১৮), চন্দ্রিমা মার্কেটের কর্মচারী সানি (৩০) ও আরেক শিক্ষার্থী মো. সিয়াম (১৭)।

সংঘর্ষের বিষয়ে ঢাকা কলেজের এক শিক্ষার্থী জানান, গতকাল সিটি কলেজের শিক্ষার্থীরা আমাদের কয়েকজনকে মারধর করে।সে কারণেই আজকে এই সংঘর্ষের ঘটনা ঘটেছে।

ঢামেক পুলিশ ক্যাম্পের ইনচার্জ (পরিদর্শক) মো. ফারুক বিষয়টি নিশ্চিত করে জানান, ঢাকা কলেজ ও সিটি কলেজের সংঘর্ষে শিক্ষার্থীসহ আহত ৫ জন হাসপাতালের জরুরি বিভাগে এসেছে। তাদের মাথায় আঘাতের চিহ্ন এবং সিটি কলেজের শিক্ষার্থী শামীমের কোমরে ধারালো অস্ত্র দিয়ে আঘাতের চিহ্ন রয়েছে। চিকিৎসকরা জানিয়েছেন, শামীমের অবস্থা আশঙ্কাজনক।বিষয়টি আমরা সংশ্লিষ্ট থানাকে অবগত করেছি।

ঢাকা-কলেজ সংঘর্ষ ঢামেক আহত চিকিৎসা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:28

URL: https://www.timestodaybd.com/public/dhaka/7758071253